

## 💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৩১২. মুহরিম অবস্থায় কেউ মৃত্যুবরণ করলে তাকে কাফন দেয়ার সময় সুঘ্রাণ ব্যবহার করা ও তার মাথা ঢেকে দেয়া

আব্দুল্লাহ্ বিন্ 'আব্বাস্ (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: জনৈক ব্যক্তি নবী (সা.) এর সাথে 'আরাফায় অবস্থান করছিলো। এমতাবস্থায় সে হঠাৎ নিজ উট থেকে পড়ে গিয়ে উটের পায়ে পিষ্ট হয়ে মারা গেলো। তখন নবী (সা.) তার দিকে ইঞ্চিত করে বললেন:

اغْسِلُوهُ بِمَاءٍ وَسِدْرٍ، وَكَفِّنُوهُ فِي ثَوْيَيْنِ، وَلاَ تَمَسُّوهُ طِيبًا، وَلاَ تُخَمِّرُوا رَأْسَهُ، وَلاَ تُحَنِّطُوهُ، فَإِنَّ اللَّهَ يَبْعَثُهُ يَوْمَ الْقِيَامَةِ مُلَبِّيًا

"তোমরা তাকে বরই পাতা মিশ্রিত পানি দিয়ে গোসল ও তার দু'টি কাপড় দিয়েই তাকে কাপন দাও। উপরস্তু তাকে কোন ধরনের সুগন্ধ স্পর্শ করিও না। তেমনিভাবে তার মাথা ঢেকো না এবং তার গায়ে কাফুর ইত্যাদি লাগিও না। কারণ, আল্লাহ্ তা'আলা তাকে কিয়ামতের দিন "তালবিয়াহ্" তথা "লাববাইক আল্লাহ্মা লাববাইক" পড়াবস্থায় উঠাবেন"।[1]

## ফুটনোট

[1] (বুখারী, হাদীস ১৮৫০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11562

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন